



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
কেন্দ্রীয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

হিসাব পরিপত্র- ০৬/২০২৪

তারিখঃ ৩০ জুন ২০২৪


বিষয়ঃ পুনঃনির্ধারিত আবগারি শুল্ক হার কার্যকর প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ আইন ২০২২ অনুযায়ী প্রত্যেক আমানত এবং ঋণ হিসাবের বিপরীতে প্রতি পঞ্জিকা বর্ষে অথবা তার অংশের জন্য একবার ধাপ অনুযায়ী আবগারি শুল্ক কর্তনের বিধান থাকায় প্রতিবছর ডিসেম্বর মাসে ও হিসাব বন্ধকালে আবগারি শুল্ক কর্তন করা হয়ে থাকে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৭ মে ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং-১৩৬-আইন/২০২৪/২৪২-আবগারি অনুযায়ী নিম্নের তালিকা মোতাবেক আবগারি শুল্কের হার পুনঃনির্ধারণ করা হয়েছে।

ক্রঃনং	বছরের যে কোনো সময় হিসাবের ডেবিট/ক্রেডিট স্থিতির পরিমাণ	কর্তনের পরিমাণ (পূর্ণ টাকায়)
১	১,০০,০০০/-টাকা পর্যন্ত	শূণ্য
২	১,০০,০০১/-টাকা থেকে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত	১৫০
৩	৫,০০,০০১/-টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত	৫০০
৪	১০,০০,০০১/-টাকা থেকে ৫০,০০,০০০/-টাকা পর্যন্ত	৩,০০০
৫	৫০,০০,০০১/-টাকা থেকে ১,০০,০০,০০০/-টাকা পর্যন্ত	৫,০০০
৬	১,০০,০০,০০১/-টাকা থেকে ২,০০,০০,০০০/-টাকা পর্যন্ত	১০,০০০
৭	২,০০,০০,০০১/-টাকা থেকে ৫,০০,০০,০০০/-টাকা পর্যন্ত	২০,০০০
৮	৫,০০,০০,০০১/-টাকা থেকে তদুর্ধ্ব	৫০,০০০

০২। পুনঃনির্ধারিত আবগারি শুল্ক হার ০১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

অনুমোদনক্রমে




মোঃ আঃ আলীম
সহকারী মহাব্যবস্থাপক

সূত্র নং-১/১১/৩০০/ ৭৫০১

তারিখঃ ৩০ জুন ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড, AVUB Archival System এ সংরক্ষণ এবং প্রজেক্ট ম্যানেজার, ইনফিনিটি টেকনোলজি ইন্টারন্যাশনাল লিমিটেডকে সিবিএসে বাস্তবায়ন করার অনুরোধসহ।
৫. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা প্রধান, শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬. সংশ্লিষ্ট নথি/মহানথি।



মোঃ মাইনুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার